

লাল ম্যাপল



লেখিকাঃ সাগরলীনা

যোগাযোগঃ sagarleena.c@gmail.com

পরিচিতিঃ পিতৃ-মাতৃদত্ত নাম শ্রীদর্শিনী চক্রবর্তী। বর্তমানে কানাডাবাসী। চাকরীর পাশাপাশি গান ও লেখালিখিই অন্যতম বাঁচার রসদ। অর্থনীতি নিয়ে স্নাতকোত্তর পড়াশোনা শেষ করেন কলকাতা বিশ্ববিদ্যালয় থেকে। লেখালিখির শুরু স্কুলজীবন থেকে এবং ‘সাগরলীনা’ নামে লেখার শুরু কলেজজীবন থেকে। ভালবাসেন গাইতে, ভারতীয় মার্গসঙ্গীত ও পাশ্চাত্য যন্ত্রসঙ্গীত শুনতে ও চর্চা করতে আর বেড়াতে।

কয়েকটা শব্দ শাসন করছে আমাকে।
কোনো রং, বর্ণ, গন্ধ নেই তাদের—
রাস্তায় এলোমেলো হাঁটতে হাঁটতে
একটা হাজার স্কোয়ার ফিটের ঘর আর তার সাঁজোয়া
বাঁঝরা করে দিচ্ছে চারিদিক।
তুমি বলতে আকাশ মুক্তি এনে দেয়,
তখন সেই শব্দগুলো যেন
অন্তহীন নীল কুয়াশার মতো ঘিরে ধরত তোমাকে
লাল সেলোফেনে মোড়া একটা বাক্সে
যাবতীয় waste ভ'রে নিয়ে
আলগোছে হেঁটে গেছ পথ—

এখন অনেক আলাদা রকম অসময়
সবকিছু বেশ ঠিকঠাক হয়ে গেছে আরো
বহুদিন পর সিল্যুয়েটে
সন্ধ্যের পাশাপাশি নেমে আসছ তুমি,
ছায়ার দৈর্ঘ্য বাড়ে—
ঢাকা পড়ে পথের কিছুটা
গ্রে থেকে অ্যাশ, অ্যাশ থেকে স্লেট
স্লেট থেকে কালোতর রং জড়িয়ে ধরছে ধীরে ধীরে
আর দূরে তাকিয়ে দেখো,
চুপচাপ মাথা নুইয়ে হেঁটে যাওয়া একটা জড়
আস্তে আস্তে পেরিয়ে যাচ্ছে শুকনো ভালোবাসার লাল ম্যাপল।